

অধ্যায় ১

ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মানবিক প্রয়াসের অনুষ্ণ হিসেবে পল্লীর দরিদ্রতম জনগোষ্ঠীর কল্যাণে বিআরডিবি'র একটি সফল উদ্যোগ থেকে ১৯৯৯ সনে পিডিবিএফ সৃজন করেন। সরকারের রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১-এর পরিপূর্ণ রূপায়ণের লক্ষ্যে পল্লী এলাকায় ঋণের সুষম প্রবাহ নিশ্চিতকরণে একটি অমুনাফামুখী স্বশাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠানটি অব্যাহতভাবে দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি প্রান্তিক জনগোষ্ঠিকে অনানুষ্ঠানিক দল ও ব্যক্তি গ্রাহক পর্যায়ে পরিষেবা প্রসারণের মাধ্যমে সংগঠিত করে সৃজনশীল উদ্যোগে সম্পৃক্ত করেছে। আয়-উৎসারি, বৃত্তিমূলক ও সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ ও নারী উদ্যোক্তা ঋণ প্রদানের মাধ্যমে এ প্রতিষ্ঠান অন্তর্ভুক্তিমূলক ঋণ সুবিধা প্রদান করেছে। এক্ষেত্রে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত ছাড়াও স্ব-কর্মসংস্থান ও আয়-উৎসারি অন্যান্য উদ্যোগেও এ প্রতিষ্ঠান সহায়ক ভূমিকা রাখছে। এ প্রতিষ্ঠানের বহুমাত্রিক কার্যক্রমের ক্রমধারায় যুক্ত হয়েছে পিডিবিএফ কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচি।

১.১ রূপকল্প (ভিশন)

নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে পল্লী এলাকার অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিত করার লক্ষ্যে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত সম্প্রসারণের মাধ্যমে পল্লীর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (মিশন)

পল্লীর প্রান্তিক জনগোষ্ঠীর বিপন্ন মানুষের জীবন ও জীবিকার প্রয়োজনে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত বিকাশের লক্ষ্যে পল্লী এলাকায় উদ্যোক্তা উদ্দীপনের মাধ্যমে ঋণদান কার্যক্রম সম্প্রসারণ।

১.৩ লক্ষ্য ও উদ্দেশ্য

১. পল্লীর দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠিকে একক/দলগতভাবে উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পে সম্পৃক্ত ও নিয়োজিত করা;
২. পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং তাদেরকে বিভিন্ন সৃজনশীল, উৎপাদনশীল ও আয় উৎসারি কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে স্বাবলম্বি করা;
৩. গ্রামীণ জনগোষ্ঠিকে এককভাবে বা সংহতি দল গঠনের মাধ্যমে সংগঠিত করে গ্রামীণ শিল্প উদ্যোগ সম্প্রসারণের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান করা;
৪. দরিদ্রতম জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়ন, সামাজিক অগ্রগতি সাধন ও নারী-পুরুষ সমতা বিধান ও বঞ্চনা দূর করা;
৫. সংহতি দলের সদস্য/গ্রাহকদেরকে নিয়মিত সঞ্চয় জমার মাধ্যমে সুরক্ষা সঞ্চয় তহবিল সৃষ্টিতে সহায়তা করা;
৬. সঞ্চয়ের পরিবৃদ্ধি ও পুঁজি গঠনের মাধ্যমে আর্থিক উন্নয়নের ধারায় প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন করা;
৭. সদস্য/গ্রাহকদেরকে বিভিন্ন সৃজনশীল, উৎপাদনশীল ও আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের সক্ষমতা বৃদ্ধি, সৃজনী প্রতিভা বিকশিত করা;
৮. প্রান্তিক জনগোষ্ঠীর আর্থিক অন্তর্ভুক্তির মাধ্যমে ঘূর্ণায়মান ঋণ তহবিলের ক্রমাগত প্রবাহ নিশ্চিত করা;
৯. পল্লীর দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর নব সম্পদ সৃজনে সহায়তা প্রদান করা, বিশেষত: নারী ও তরুণদেরকে এ ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা;
১০. উন্নততর যন্ত্রকৌশল ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে সুফলভোগীদের উৎপাদিত পণ্য পল্লী বিপণীর মাধ্যমে বাজারজাত-করণে সহায়তা প্রদান করা;
১১. অংশীদারিত্বমূলক ব্যবস্থাপনা ও স্বত্বার্জনের লক্ষ্যে টেকসই শিল্প উদ্যোগের সুযোগ প্রসারিত করা এবং আর্থিক শৃংখলা, স্বচ্ছতা ও জবাবদিহিতার বাতাবরণ প্রতিষ্ঠার মাধ্যমে এর সুব্যবস্থাপনা নিশ্চিত করা;
১২. পিডিবিএফ-এর বহুমাত্রিক কর্ম প্রয়াসের সাথে সদস্যদের সম্পৃক্তকরণ এবং তাদের জীবিকায়ন প্রক্রিয়ায় সহায়তা দান।

১.৪ বাস্তবায়ন পদক্ষেপসমূহ

(ক) কর্মএলাকা

পিডিবিএফ-এর চলমান কার্যক্রমের আওতাভুক্ত ৮টি বিভাগের ৫৫টি জেলার ৩৫৭টি উপজেলার মোট ৪০৩টি কার্যালয়ের মাধ্যমে সরকারের আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় এই ঋণ কার্যক্রম পরিচালিত হবে। অদূর ভবিষ্যতে পিডিবিএফ এর কার্যক্রম দেশের অবশিষ্ট এলাকায় সম্প্রসারিত হলে নতুন এলাকায় এ কর্মসূচির আওতা প্রসারিত হবে। কর্ম এলাকা নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে:

- যে সব এলাকায় কুটির, ক্ষুদ্র বা মাঝারি শিল্প রয়েছে সেসব এলাকা ছাড়াও সম্ভাবনাময় অন্যান্য এলাকায়ও কার্যক্রম সম্প্রসারিত হবে।
- এছাড়া পিডিবিএফ এর কর্ম এলাকা সম্প্রসারিত হলে নতুন এলাকার অভীষ্ট সদস্য/গ্রাহকগণের জীবনমান উন্নয়নকল্পে ঋণ ও অন্যান্য সুবিধা প্রদান করা যাবে;
- দেশের প্রত্যন্ত এলাকা, বিশেষ করে হাওর, বাওড়, চরাঞ্চল ও উপকূলীয় এলাকায় বসবাসকারী এবং পার্বত্য অঞ্চলে এ ঋণ সহায়তা প্রসারিত হবে।
- পার্বত্য অঞ্চল এবং সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ এবং পতিত, দলিত ও সমাজ-বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সদস্যগণও এ কর্মসূচিতে বিশেষ বিবেচনা পাবেন।

(খ) ঋণ কার্যক্রম

পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পভিত্তিক বিভিন্ন সৃজনশীল, উৎপাদনশীল ও আয়-উৎসারী কর্মকান্ড গ্রহণের মাধ্যমে এ ঋণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এ খাতের অর্থ ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসেবে বিনিয়োগ করা হবে। ঋণ খাতে মোট ৩০০ কোটি টাকা বাংলাদেশ সরকারের নিকট হতে আর্থিক প্রণোদনা প্যাকেজ এর আওতায় বিশেষ অনুদান হিসেবে বরাদ্দ হয়েছে। সুফলভোগী সদস্যদের স্ব-কর্মসংস্থান ও নব সম্পদ সৃজনের লক্ষ্যে এ ঋণের অর্থ সদস্য/গ্রাহক পর্যায়ে এককভাবে ও সংহতি দলের মাধ্যমে আয়-উৎসারী কর্মকান্ডে বিনিয়োগ করা হবে, ফলে নবসৃষ্ট উদ্যোগে কর্ম-সংস্থানের সুযোগ ক্রমশ: বিস্তৃত হবে।

(গ) পুঁজি গঠন

সুফলভোগী সদস্যদের নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে তাঁদের পুঁজি গঠন/তহবিল সৃজন এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। সদস্য/গ্রাহকগণের নিকট হতে সুরক্ষা সঞ্চয়, নব সম্পদ সৃজনের লক্ষ্যে সঞ্চয় ও সাধারণ সঞ্চয় সংগ্রহ করা হবে। তাছাড়া বর্তমানে পিডিবিএফ এ প্রচলিত বিভিন্ন সঞ্চয় স্কিমের (সোনালী/মেয়াদী/লাখপতি/নবজাতক সঞ্চয় ইত্যাদি) আওতায়ও সুফলভোগী সদস্যগণ সঞ্চয় জমা করতে পারবেন।

(ঘ) নব সম্পদ সৃজন

এ কর্মসূচির আওতায় বৃত্তিমূলক/কারিগরি/প্রায়োগিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুফলভোগীদের ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পের বিকাশ সাধনে সহায়তা প্রসারণ করা হবে। এ প্রক্রিয়ায় সৃজনশীল, উৎপাদনশীল ও আয়-উৎসারী কর্মকান্ড পরিচালিত হবে। এ কর্মকান্ড নবসম্পদ সৃজনে সহায়ক হবে। এককভাবে উদ্যোগ উদ্দীপন এবং সংহতি দলের মাধ্যমে সদস্যদের সংগঠিত করে যৌথ মালিকানায় পল্লী বিপণী এবং প্রদর্শনী ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। সহজাতভাবে বংশাণুক্রমিক বা ঐতিহ্যগত সংহতির আওতায় যেমন কুটির ও ক্ষুদ্র শিল্পের বিকাশ হয়ে থাকে, তেমনি সমমনা ও সমস্বার্থে ঐক্যবদ্ধ সুহৃদদের নিয়ে মাঝারি শিল্পের বিকাশ হয়। এ ক্ষেত্রে পিডিবিএফ অংশীজন ও সহায়কের ভূমিকা গ্রহণ করে এ উদ্যোগগুলোকে সফল করে তুলতে পারে।

(ঙ) বাস্তবায়ন কৌশল

১. পিডিবিএফ এর সরাসরি তত্ত্বাবধানে এবং প্রতিষ্ঠানের নিজস্ব জনবল দ্বারা ও সহযোগী প্রতিষ্ঠানের সহায়তায় এ ঋণ কার্যক্রম বাস্তবায়িত হবে;
২. কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নিয়োজিত ক্ষুদ্র, প্রান্তিক ও উদীয়মান সদস্য/গ্রাহকগণ এককভাবে বা সংহতি দলের মাধ্যমে এ ঋণের আওতায় আসবেন;
৩. সৃজনশীল, উৎপাদনশীল ও আয় উৎসারী কর্মকাণ্ডে সংহতি দলের সদস্য/গ্রাহকদেরকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে;
৪. পিডিবিএফ এর বিকশিত (গ্রাজুয়েটেড) সদস্যদের দক্ষতা ও পেশাগত অবস্থান বিবেচনা করে পূর্ববর্তী ঋণ সম্পূর্ণ পরিশোধ সাপেক্ষে এ ঋণ প্রদান করা যাবে;
৫. পিডিবিএফ এর উপজেলা পর্যায়ের কমিটি এ ঋণ কার্যক্রমের জন্য অভীষ্ট সদস্য/গ্রাহক বাছাই করবেন; দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী গ্রাহকের আবেদন পত্র পূরণে সহায়তা করবেন এবং প্রস্তাবিত ঋণের এ্যাপ্রাইজাল প্রস্তুত করবেন। উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা যথাযথভাবে ঋণের কাগজপত্র যাচাই করে ঋণ প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশসহ উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন। ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে এ ঋণ প্রদানের পূর্বে উপপরিচালক/এসএডিগণ সরেজমিনে উদ্যোক্তা যাচাই-বাছাই কাজে সম্পৃক্ত থাকবেন;
৬. উপপরিচালকগণ প্রস্তাবিত ঋণের যথার্থতা বিবেচনা করে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ অনুমোদন করবেন এবং উচ্চতর সিলিং এর (৫,০০,০০০/- টাকার উর্ধ্বে) ঋণ অনুমোদনের জন্য সুপারিশসহ প্রধান কার্যালয়ে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করবেন;
৭. সরকার প্রদত্ত প্রণোদনা প্যাকেজের ঋণের সাধারণ সিলিং হবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত। সদস্য/গ্রাহকের বিনিয়োগের সুযোগ, ব্যবসায়িক সুনাম, বাস্তব অবস্থা বিবেচনা করে ঋণের সিলিং ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত নির্ধারণ করা যাবে, তাছাড়া সংহতি দলের মাধ্যমে গঠিত মাঝারি শিল্প উদ্যোক্তাদের জন্য শিল্পের ধরণ, ব্যবসার বাস্তব অবস্থা, প্রসারণের সম্ভাব্যতাসহ সামগ্রিক দিক বিবেচনা করে সর্বোচ্চ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে (অনুচ্ছেদ ৪.৯.১);
৮. প্রণোদনা প্যাকেজের ঋণের এ্যাপ্রাইজাল ফি বাবদ বিতরণকৃত ঋণের ০.৫% হারে এককালীন গ্রাহকের নিকট হতে গ্রহণ করতে হবে;
৯. প্রণোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের বার্ষিক ৪% হারে (ফ্লাট রেটে) সেবা মূল্য আদায় করা হবে;
১০. সর্বোচ্চ ৬ মাস গ্রেস পিরিয়ডসহ ১৮টি মাসিক কিস্তিতে সেবামূল্যসহ বিতরণকৃত ঋণ আদায় করা হবে অর্থাৎ এ ঋণ পরিশোধের সর্বোচ্চ সময়সীমা হবে ২ (দুই) বছর;
১১. উদ্যোক্তাগণের ঋণের ঝুঁকি নিরসনের লক্ষ্যে অনুমোদিত প্রণোদনা ঋণের ১% হারে এককালীন বিমা বাবদ উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নিকট থেকে গ্রহণ করা হবে;
১২. পূঁজিগঠনের লক্ষ্যে উদ্যোক্তা/গ্রাহকগণের নিকট হতে বার্ষিক ২% হারে উদ্যোক্তা সুরক্ষা সঞ্চয়, উদ্যোক্তাদের নব সম্পদ সৃজনের লক্ষ্যে বার্ষিক ২% হারে সঞ্চয় গ্রহণ করা হবে। তাছাড়া মাসিকভিত্তিতে নিয়মিত ৫০০/- (পাঁচশত) টাকা হারে সাধারণ সঞ্চয় জমা করতে পারবেন এবং সদস্যগণ তাদের চাহিদা মোতাবেক অন্যান্য পিডিবিএফ এ প্রচলিত অন্যান্য সঞ্চয় প্রোডাক্টের আওতাভুক্ত হতে পারবেন (অনুচ্ছেদ ৪.১৩);
১৩. সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় ও প্রধান কার্যালয়ের জন্য রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে ০৩ (তিনটি) শিরোনামে ব্যাংক হিসাব খোলা হবে। হিসাবের শিরোনাম হবে- পিডিবিএফ কোভিড-১৯ ঘূর্ণায়মান ঋণ তহবিল', পিডিবিএফ কোভিড-১৯ পরিচালন তহবিল', এবং পিডিবিএফ কোভিড-১৯ সঞ্চয় তহবিল' (অনুচ্ছেদ-২০);

১৪. এ প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের আসল, সেবামূল্য ও সদস্যদের নিকট হতে আহরিত সঞ্চয় ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসেবে ব্যবহৃত হবে;
১৫. প্রণোদনা প্যাকেজের আওতায় এ ঋণ ও সঞ্চয় কার্যক্রমের যাবতীয় হিসাব ম্যানুয়াল পদ্ধতিতে ও পিডিবিএফ-এর বিদ্যমান সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করা হবে;
১৬. নির্দিষ্ট সময়ের (২ বছর) মধ্যে ঋণ পরিশোধে কোন সদস্য/গ্রাহক ব্যর্থ হলে উক্ত সদস্যের নিকট হতে অবশিষ্ট ঋণ স্থিতির উপর পিডিবিএফ-এর ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ন্যায় (ঋণ পরিচালন নীতিমালা অনুসারে) সেবামূল্য আদায় করতে হবে (অনুচ্ছেদ-১১);
১৭. কোন সদস্য/গ্রাহক ঋণের কিস্তি প্রদানে ব্যর্থ হলে তার জমাকৃত বিভিন্ন সঞ্চয়/প্রতিশ্রুত দেয় হতে উক্ত ঋণের কিস্তি/পাওনা সমন্বয় করা যাবে;
১৮. অবাঞ্ছিত কোন সদস্য/গ্রাহক নির্বাচন করা হলে সদস্য বাছাইয়ের সাথে জড়িত ব্যক্তিবর্গকে দায়ী করা হবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত অবাঞ্ছিত সদস্য/উদ্যোক্তাগণের কাছ থেকে ঋণের সমুদয় টাকা আদায় করা হবে এবং তার সদস্যপদ বাতিল হবে;
১৯. এ ঋণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের উল্লেখযোগ্য ও প্রশংসনীয় কাজের জন্য স্বীকৃতি/পুরস্কার প্রদানের ব্যবস্থা করা হবে।
২০. কোন সদস্য বা গ্রাহক সমিতির স্বার্থ বিরোধী বা প্রতিষ্ঠানের শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে বা অন্য কাউকে ঐরূপ কাজে প্ররোচিত করলে তার নিকট পাওনা ঋণ সাকুল্যে আদায় করে সদস্য পদ বাতিল করতে হবে।

অধ্যায় ২

আর্থ-সামাজিক জরিপ, সদস্য বাছাই, স্বীকৃতি প্রদান ও এলাকা বিন্যাস

২.১ আর্থ-সামাজিক জরিপ

অভীষ্ট জনগোষ্ঠী নির্বাচনে উদ্যোক্তা/গ্রাহকদের সঠিক তথ্য সংগ্রহ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ঋণ কার্যক্রমের জরিপ ছকে এমনভাবে তথ্য সংগ্রহ করতে হবে যাতে অবাঞ্ছিত সদস্য সুফলভোগী হিসেবে অনুপ্রবেশের সুযোগ না পায়। পিডিবিএফ এর মাঠ কর্মকর্তা/সংগঠক যেহেতু জরিপ কাজ পরিচালনা করবেন, তাই এ বিষয়ে তাদের সতর্কতা অবলম্বন করতে হবে। দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মকর্তা/সংগঠক অভীষ্ট জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা নিরূপনের জন্য নির্দিষ্ট জরিপ ছকে (পরিশিষ্ট-১) তথ্য সংগ্রহপূর্বক প্রাথমিক তালিকা তৈরি করে উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।

২.২ সদস্য/উদ্যোক্তা নির্বাচন ও বাছাই প্রক্রিয়া

প্রণোদনা প্যাকেজের জন্য সদস্য/উদ্যোক্তা নির্বাচন ও বাছাই এর ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী বিবেচনা করতে হবে:

- (ক) সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জাতীয় পরিচয় পত্রসহ স্থানীয় ভোটার তালিকায় নাম থাকতে হবে;
- (খ) ঋণের আবেদন পত্রে সদস্য/উদ্যোক্তার মোবাইল নম্বর থাকতে হবে এবং পরিচয়দানকারী ০২ জন ব্যক্তি কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে, পরিচয়দানকারী ব্যক্তিদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি নিতে হবে এবং ঋণের আবেদনকারী উদ্যোক্তার পরিবারের অন্তত: ০২ (দুই) জন সদস্যের মোবাইল নম্বর নিতে হবে, যা অফিসে সংরক্ষণ করতে হবে;
- (গ) সদস্য/উদ্যোক্তার বয়সসীমা ১৮-৬০ বৎসর এর মধ্যে হতে হবে;
- (ঘ) উদ্যোক্তার গ্রামীণ শিল্প ও ব্যবসা পরিচালনার দক্ষতা ও পেশাগত ঝুঁকি গ্রহণের সক্ষমতা থাকতে হবে;
- (ঙ) একই ধরনের অন্য কোন প্রকল্প বা প্রতিষ্ঠানের সদস্য নন এমন ব্যক্তিকে নির্বাচন করতে হবে;
- (চ) কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞতা ও পেশাগত বা পারিবারিকভাবে শিল্প উদ্যোগের সাথে সম্পৃক্ত জনগোষ্ঠী নির্বাচনের ক্ষেত্রে বিশেষ বিবেচনা প্রাপ্ত হবেন;
- (ছ) গ্রামীণ শিল্পের সাথে সম্পৃক্ত পেশাভিত্তিক আয় উৎসারী কর্মকর্তা পরিচালনা করে নিজে/নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আগ্রহী ব্যক্তি/দলকে বাছাই করতে হবে;
- (জ) পিডিবিএফ ও অন্য সমতুল প্রতিষ্ঠান হতে প্রদত্ত পূর্বের সকল ঋণ ১০০% পরিশোধকারী সদস্যকে এ ঋণ প্রদান করা যাবে;
- (ঝ) গ্রাহকের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে অধিক মূলধন বিনিয়োগের ক্ষেত্রে সদস্য/গ্রাহকদেরকে উৎসাহিত করতে হবে;
- (ঞ) শারীরিকভাবে সুস্থ ও কায়িক পরিশ্রমে সক্ষম এমন ব্যক্তিকে নির্বাচনে অগ্রাধিকার দিতে হবে;
- (ট) নারী-পুরুষ নির্বিশেষে সদস্য/গ্রাহক হিসেবে নির্বাচন করা হবে, তবে মহিলা ও তরুন জনগোষ্ঠীকে নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। তাছাড়া পতিত, দলিত, সমাজ বিচ্ছিন্ন নারী-পুরুষ ও অন্য পরিচয়ধারী (3rd gender) সম্প্রদায়কেও এ কার্যক্রমে বিশেষ সুযোগ দেওয়া হবে;
- (ঠ) অপেক্ষাকৃত দরিদ্র ও বঞ্চিত জনগোষ্ঠীকে সদস্য/গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (ড) মানসিক ভারসাম্যহীন, মাদকাসক্ত, দন্ডপ্রাপ্ত ও টাউট/প্রতারক শ্রেণীর কোন ব্যক্তিকে সদস্য/গ্রাহক হিসেবে নির্বাচন করা যাবে না;

২.৩ এলাকা বিন্যাস

দারিদ্র্যের মানচিত্র (Poverty Mapping) অনুযায়ী দারিদ্র্য প্রবণ এলাকাকে প্রাথমিক পর্যায়ে উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা উপজেলার ভৌগোলিক অবস্থা বিবেচনা করে এ ঋণ কার্যক্রমের জন্য উপযুক্ত এলাকা হিসেবে নির্বাচন করবেন। মাঠকর্মকর্তা/সংগঠকগণ তাদের নির্ধারিত কর্ম-এলাকায় এ ঋণের কার্যক্রম বাস্তবায়ন করবেন। নতুন সদস্য/উদ্যোক্তা নির্বাচনের জন্য দায়িত্বপ্রাপ্ত মাঠ কর্মী উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার সাথে আলোচনা করে নতুন ব্লক/এলাকায় এ ঋণ কার্যক্রম পরিচালনা করতে পারেন, সে ক্ষেত্রে এলাকার ভৌগোলিক অবস্থা ও যোগাযোগ ব্যবস্থা বিবেচনায় নিতে হবে যাতে সহজে তদারকি করা যায়। তবে এমনভাবে এলাকা বিন্যাস করতে হবে যাতে পল্লীর দরিদ্রতম জনগোষ্ঠীর নিকট এ কার্যক্রমের সেবা সহজে পৌঁছানো যায়।

২.৪ ইউডিবিও কর্তৃক সদস্য/গ্রাহকের স্বীকৃতি প্রদান

- ক) নির্বাচিত সদস্যের নাম উপজেলা কার্যালয়ের সংরক্ষিত সংহতি দল রেজিস্টারে বা উদ্যোক্তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে;
- খ) উপজেলা কার্যালয়ের সংরক্ষিত রেজিস্টারে প্রত্যেক সদস্যকে পৃথক পৃথক সদস্য/উদ্যোক্তা নম্বর (কোড নম্বর) প্রদান করতে হবে এবং উদ্যোক্তা নম্বরের পাশে ইউডিবিও স্বাক্ষর করে সদস্য হিসেবে স্বীকৃতি প্রদান করবেন;
- গ) এ কর্মসূচির আওতাধীন সকল সদস্য/উদ্যোক্তাগণের নাম, সমিতির নাম, কোড নম্বর, আইজিএ কোড ইত্যাদি তথ্য সম্বলিত একটি ডিরেকটরী তৈরী করা হবে;
- ঘ) ইউডিবিও কর্তৃক সদস্য/উদ্যোক্তার স্বীকৃতি প্রদানের পর পরবর্তী প্রক্রিয়া সম্পন্নপূর্বক ঋণ প্রদান করা যাবে।

অধ্যায় ৩

ঋণ ও সঞ্চয় ব্যবস্থাপনা

পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত সরকার কর্তৃক প্রদত্ত আর্থিক প্রণোদনা প্যাকেজ সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে পিডিবিএফ কর্তৃক নিম্নোক্তরূপে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবেঃ

৩.১ প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটি

- ১) সভাপতি : ব্যবস্থাপনা পরিচালক
- ২) সদস্য : পরিচালক, প্রশাসন
- ৩) সদস্য : পরিচালক, গবেষণা ও উন্নয়ন
- ৪) সদস্য : পরিচালক, অর্থ
- ৫) সদস্য : পরিচালক, মাঠ পরিচালন
- ৬) সদস্য : যুগ্ম পরিচালক, অডিট
- ৭) সদস্য : যুগ্ম পরিচালক, নীতি ও পরিকল্পনা
- ৮) সদস্য : উপ পরিচালক, হিসাব
- ৯) সদস্য সচিব : কর্মসূচি পরিচালক

প্রধান কার্যালয়ের কমিটির দায়িত্ব

- সদস্য সচিব প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যেই অঞ্চল থেকে প্রাপ্ত এ ঋণ সংক্রান্ত (বিতরণ, আদায়, সঞ্চয়, দল গঠন, বীমা ইত্যাদি) প্রতিবেদন প্রস্তুতপূর্বক কমিটির নিকট উপস্থাপন করবেন;
- কমিটি প্রতিবেদন পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক করণীয় নির্দেশনা প্রদান করবেন;
- প্রতি মাসেই এ ঋণের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রধান কার্যালয়ে কমিটির একটি সভা অনুষ্ঠিত হবে;
- এ ঋণের জন্য অর্থ ছাড় ও তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়াদি অর্থ বিভাগ ও কর্মসূচি প্রশাসন কর্তৃক নিয়ন্ত্রিত হবে;
- প্রধান কার্যালয়ের কমিটি এ ঋণ সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ের কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন এবং সার্বিক যোগাযোগ রক্ষা করবেন ও প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করবেন।

৩.২ কর্মসূচি প্রশাসন

প্রণোদনা ঋণ কর্মসূচী'র ঋণ ও সঞ্চয় ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে পিডিবিএফ প্রধান কার্যালয়ে নিম্নোক্ত কাঠামো অনুযায়ী কর্মসূচি পরিচালন কমিটি গঠিত হবেঃ

- ১) কর্মসূচি পরিচালক -১ জন
- ২) উপ-কর্মসূচি পরিচালক -১ জন
- ৩) কর্মসূচি মনিটরিং ও হিসাব কর্মকর্তা -১ জন
- ৪) অফিস সহকারী -১ জন
- ৫) বার্তাবাহক -১ জন।

উল্লেখ্য, কর্মসূচি প্রশাসনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ দায়িত্বের পাশাপাশি প্রণোদনা ঋণ কর্মসূচির অর্পিত দায়িত্ব পালন করবেন।

কর্মসূচি পরিচালন কমিটির দায়িত্ব

কর্মসূচি পরিচালক:

- কর্মসূচির মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক প্রধান কার্যালয়ের কমিটির নিকট উপস্থাপন করবেন;
- মাঠ পর্যায়ের কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন এবং সার্বিক যোগাযোগ রক্ষা করবেন ও প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করবেন।

উপ-কর্মসূচি পরিচালক:

- মাঠ পর্যায়ের ঋণের এ্যাপ্রাইজাল যাচাই, পরীক্ষাকরণ, বিশ্লেষণ ও মূল্যায়নপূর্বক অনুমোদনের জন্য কর্মসূচি পরিচালক/পরিচালক মাঠ পরিচালন বরাবর উপস্থাপন করবেন;
- প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যেই অঞ্চল থেকে প্রাপ্ত এ ঋণ সংক্রান্ত (বিতরণ, আদায়, সঞ্চয়, সংহতি দল গঠন, বীমা ইত্যাদি) প্রতিবেদন প্রস্তুতপূর্বক কর্মসূচি পরিচালক এর নিকট উপস্থাপন করবেন।

কর্মসূচি মনিটরিং কর্মকর্তা:

- ঋণ, সঞ্চয়, নব উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠা, বিমাসহ যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করবেন;
- মাঠ পর্যায়ের কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করবেন এবং কর্মসূচি পরিচালককে ফিডব্যাক প্রদান করবেন;
- মাঠ পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যার প্রোগ্রামের সাথে মিলকরণপূর্বক কর্মসূচি পরিচালককে অবহিত করবেন।

হিসাব কর্মকর্তা:

- প্রণোদনা প্যাকেজের ঋণ কর্মসূচী'র ঋণ, সঞ্চয় ও অন্যান্য কার্যক্রমের যাবতীয় হিসাব ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন;
- হিসাব কাজে নিয়োজিত কর্মকর্তা তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে হিসাবের সঠিকতা নিরূপন করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন।

অফিস সহকারী:

- এ কর্মসূচীর বিভিন্ন প্রতিবেদন প্রস্তুতকরণ, রেকর্ডপত্রাদি সংরক্ষণ ও দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান করবেন।

উল্লেখ্য, এ কর্মসূচির সামগ্রিক কর্মকান্ড পিডিবিএফ-এর মাঠ পরিচালন বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত হবে।

৩.৩ আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি

- ১) সভাপতি : উপ পরিচালক
- ২) সদস্য : উর্ধ্বতন সহকারী পরিচালক
- ৩) সদস্য : সহকারী পরিচালক (হিসাব/হিসাবের কাজে নিয়োজিত কর্মকর্তা)
- ৪) সদস্য সচিব : উর্ধ্বতন সহকারী পরিচালক (জ্যেষ্ঠ এসএডি)

(কোন অঞ্চলে ০১ জন উর্ধ্বতন সহকারী পরিচালক থাকলে সেখানে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি হবে)

আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব

- উপজেলা কার্যালয় থেকে প্রাপ্ত আবেদনপত্র আঞ্চলিক কমিটি যাচাই-বাছাই করবেন;
- আঞ্চলিক কমিটির এক বা একাধিক সদস্য প্রয়োজনে প্রস্তাবিত ঋণ সরেজমিন পরিদর্শন করে মন্তব্যসহ আঞ্চলিক কমিটিতে উপস্থাপন করবেন এবং কমিটির সিদ্ধান্তের আলোকে উপপরিচালক ঋণ অনুমোদন করবেন;
- আঞ্চলিক কমিটি কর্তৃক ঋণ প্রস্তাব মূল্যায়ন ও যাচাইকালে প্রয়োজনে প্রধান কার্যালয়ের কমিটি সরেজমিনে বা ভারুয়ালি/ইলেক্ট্রনিক্যালি অংশগ্রহণ করবেন;
- আঞ্চলিক কমিটি উচ্চতর সিলিং-এ (৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে) ঋণ অনুমোদনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই করে সুপারিশসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন;
- আঞ্চলিক কমিটি এ ঋণ সংক্রান্ত সার্বিক বিষয়াদি নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং প্রয়োজনে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৩.৪ উপজেলা ব্যবস্থাপনা কমিটি

- ১) সভাপতি : উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
 - ২) সদস্য : এডিবিও/মাঠ কর্মকর্তা/ মাঠ সংগঠক (যিনি এ কার্যক্রমের সাথে যুক্ত থাকবেন)
 - ৩) সদস্য সচিব : হিসাব রক্ষন কর্মকর্তা/এডিবিও (জ্যেষ্ঠতার ভিত্তিতে)
- (কোন কার্যালয়ে হিসাব রক্ষন কর্মকর্তা/এডিবিও না থাকলে ঐ কার্যালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন)

উপজেলা পর্যায়ের কমিটির দায়িত্ব

- দায়িত্বপ্রাপ্ত মাঠ সংগঠক/এডিবিও কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত সদস্য/উদ্যোক্তা বাছাই করবেন;
- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (ইউডিবিও) সরেজমিন পরিদর্শন করে প্রাপ্ত তথ্যাদি যাচাই করবেন। সদস্য/গ্রাহককে উপযুক্ত বলে বিবেচিত হলে সংশ্লিষ্ট মাঠ সংগঠক গ্রাহকের নিকট হতে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্য সংগ্রহপূর্বক ঋণের আবেদন পত্র প্রস্তুত করবেন;
- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজ পত্রাদির সঠিকতা যাচাইয়ান্তে ঋণের সিলিং নির্ধারণ করবেন;
- কমিটির সুপারিশসহ ঋণের আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি উপপরিচালকের কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবেন;

অধ্যায় ৪

কোভিড-১৯ প্রণোদনা ঋণ পরিচালন পদ্ধতি ও ব্যবস্থাপনা

৪.১ ঋণ পরিচালন প্রক্রিয়া

কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় পিডিবিএফ কর্তৃক নিম্নবর্ণিত ক্যাটাগরির সুফলভোগী সদস্য/উদ্যোক্তাগণকে ঋণ প্রদান করা হবে:

- (ক) পিডিবিএফ-এর মূল কার্যক্রম, প্রকল্প বা কর্মসূচির বিকশিত (গ্রাজুয়েট) সদস্য;
- (খ) সংহতি দলের মাধ্যমে সংগঠিত উদ্যোক্তা;
- (গ) একক ক্ষুদ্র উদ্যোক্তা/গ্রাহক;
- (ঘ) মাঝারি শিল্পের একক বা দলগত উদ্যোক্তা;

ক) পিডিবিএফ-এর মূল কার্যক্রম, প্রকল্প বা কর্মসূচির বিকশিত (গ্রাজুয়েটেড) সদস্য/উদ্যোক্তা

পিডিবিএফ-এর মূল কার্যক্রমের বা বিভিন্ন প্রকল্পের আওতায় অনানুষ্ঠানিক সংহতি দলীয় কার্যক্রমের সহযোগিতায় যে সকল সদস্য মৌলিক শিক্ষা, কারিগরী প্রশিক্ষণ, উৎপাদনশীল সম্পদ সৃজন এবং মৌলিক চাহিদা পূরণের মাধ্যমে ইতোমধ্যেই বিকশিত (গ্রাজুয়েটেড) হয়ে আয় উৎসারি কর্মকাণ্ড পরিচালনা করছেন এবং যাদের শিল্প প্রসারণের সুযোগ রয়েছে এমন সদস্য/উদ্যোক্তাকে বুঝাবে।

(খ) **সংহতি দলের মাধ্যমে সংগঠিত উদ্যোক্তা:** পিডিবিএফ-এর মূল কার্যক্রম, কর্মসূচি বা বিভিন্ন প্রকল্পের আওতায় অনানুষ্ঠানিক সংহতি দলের মাধ্যমে ক্ষুদ্র, কুটির ও আয় উৎসারি কর্মকাণ্ড পরিচালনা করছেন এবং তাদের শিল্প/ব্যবসা সম্প্রসারণের সুযোগ রয়েছে এমন সদস্য/উদ্যোক্তাকে বুঝাবে।

গ) **একক ক্ষুদ্র উদ্যোক্তা/গ্রাহক:** একক উদ্যোক্তা/গ্রাহক বলতে যাদের কর্মকাণ্ড মূলত আত্ম-কর্ম-সংস্থানমূলক এবং যারা নিজস্ব ধারণা, উন্নত প্রযুক্তি, স্থানীয় বাজারজাতকরণ সুবিধা ইত্যাদি কাজে লাগিয়ে ইতোমধ্যে ক্ষুদ্র শিল্প গড়ে তুলেছেন এবং যারা কর্মসংস্থান সৃষ্টি, উৎপাদন বৃদ্ধি ও অর্থনীতিতে অবদান রাখতে বেশ সফলতা অর্জন করেছেন এবং ঋণ বিনিয়োগের মাধ্যমে যাদের অধিকতর সফলতা অর্জনের সুযোগ রয়েছে তাদেরকে বুঝাবে।

ঘ) **মাঝারি শিল্পের দলগত উদ্যোক্তা:** মাঝারি শিল্পের দলগত উদ্যোক্তা (এ ক্ষেত্রে দল হবে অন্তত: ১০ সদস্য বিশিষ্ট) বলতে এমন উদ্যোক্তাগণকে বুঝাবে যারা ইতোমধ্যে সফলভাবে ব্যবসা পরিচালনা করে নিজেরাই মাঝারি শিল্প গড়ে তুলেছেন এবং যে শিল্পের প্রসারের আরো সুযোগ রয়েছে, তাঁরা প্রয়োজনীয় মূলধন বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও শিল্প সম্প্রসারণে সক্ষম তাদেরকে বুঝাবে। এ ক্ষেত্রে দলগত উদ্যোক্তাগণ পিডিবিএফ-এর সাথে যৌথ ব্যবস্থাপনায় (co-management) নতুন মাঝারি শিল্প উদ্যোগ গ্রহণ করতে পারবেন।

৪.২ প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণ প্রদানের শর্তাবলী

৪.২.১ ঋণ প্রাপ্তির যোগ্যতা

- ক. সদস্য/উদ্যোক্তা অন্য কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের একই ধরনের ঋণ গ্রহণকারী হবেন না;
- খ. পিডিবিএফ হতে ইতোপূর্বে গৃহীত ঋণ (যদি থাকে) ১০০% পরিশোধ থাকতে হবে;
- গ. পেশাভিত্তিক কাজে দক্ষ/অভিজ্ঞতা সম্পন্ন এবং কর্মসংস্থান সৃজনে সক্ষম;
- ঘ. পিডিবিএফ এর সংহতি দল/সমিতির সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঙ. সদস্য/উদ্যোক্তাকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- চ. এ ঋণ গ্রহণকারী উদ্যোক্তা/উদ্যোক্তাগণের বয়সসীমা ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

৪.২.২ আবেদন পর্যায়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি

- (১) উদ্যোক্তা জরিপ ফরম;
- (২) ঋণের আবেদন ফরম;
- (৩) ইউডিবিও কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- (৪) সমিতি/সংহতি দলের সিদ্ধান্তের রেজুলেশনের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৫) ঋণের এ্যাপ্রাইজাল;
- (৬) ইউডিবিও কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- (৭) উদ্যোক্তার বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান/কর্মকাণ্ডের রঙিন ছবি (ইউডিবিও কর্তৃক সত্যায়িত);
- (৮) কর সনাক্তকরণ সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৯) ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪.৩ ঋণের দলিলপত্রাদি সংরক্ষণ

ঋণ বিতরণের পর যাবতীয় দলিলপত্রাদি পিডিবিএফ এর উপজেলা কার্যালয়ে সংরক্ষিত থাকবে। উক্ত ঋণ সংক্রান্ত যাবতীয় দলিল-দস্তাবেজ সংরক্ষণের দায়িত্বে থাকবেন সংশ্লিষ্ট উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা। কোন গ্রাহক যদি পরবর্তীতে ঋণ গ্রহণ করতে আগ্রহী না হয়, সে ক্ষেত্রে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে দলিলাদি ফেরত দিতে হবে। তবে পরবর্তীতে সে গ্রাহক ঋণের আবেদন করলে পুনরায় প্রয়োজনীয় কাগজপত্র জমা নিতে হবে। আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ সময়ে সময়ে উপজেলা কার্যালয়ে রক্ষিত এ সংক্রান্ত কাগজপত্রাদি অনুপস্থিতরূপে পরীক্ষা করবেন।

৪.৪ ঋণ বিতরণের খাত নির্বাচন

এ ঋণ বিনিয়োগের ক্ষেত্রে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প পর্যায়ের কৃষিভিত্তিক ও অকৃষিভিত্তিক কার্যক্রম, নন-ফার্ম কার্যক্রম এবং সেবা খাতসহ সামাজিকভাবে গ্রহণযোগ্য সম্ভাব্য খাতসমূহ বিবেচনায় নেয়া যাবে। এক্ষেত্রে ‘উপজেলা এবং আঞ্চলিক পর্যায়ের কমিটি’র উদ্যোক্তা বাছাই ও বিবেচনাকে গণ্য করা হবে। কমিটি নিম্নরূপ বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে ঋণ বিতরণকল্পে খাতসমূহ নির্বাচন করবেন:

- ক. স্থানীয়ভাবে উদ্যোক্তাদের চাহিদা;
- খ. নব শিল্প উদ্যোগের নতুন ধারণা;
- গ. স্বল্পতম সময়ের মধ্যে বিনিয়োগকৃত অর্থ মুনাফাসহ পাওয়া যায় এমন উদ্যোগসমূহ;
- ঘ. যে সকল উদ্যোগে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়;
- ঙ. যে সকল উদ্যোগে ব্যবসায়িক ঝুঁকি তুলনামূলকভাবে কম এবং লাভজনক;
- চ. যে সকল উদ্যোগের ক্ষেত্রে উৎপাদিত পণ্যের চাহিদা বেশি এবং বাজারজাতকরণ সুবিধা রয়েছে এমন খাত, ইত্যাদি।

৪.৫ ঋণ প্রদানের সম্ভাব্য খাতসমূহ (পরিশিষ্ট-১৬)

৪.৬ শিল্প/ব্যবসায়ের কারিগরি দিক পর্যালোচনা

শিল্প/ব্যবসায়ের কারিগরি দিক বিশ্লেষণের জন্য প্রয়োজনে কারিগরি বিশেষজ্ঞের (Technical expert) মতামত গ্রহণ করতে হবে (যেমন: যন্ত্রপাতি উৎপাদনের কারখানা, ওয়ার্কসপ, মৎস্য চাষ, মৎস্য হ্যাচারী, হাঁস-মুরগী পালন, পোল্ট্রি হ্যাচারী, গাভী পালন, হার্টিকালচার, নার্সারী, খাদ্য প্রক্রিয়াকরণ কারখানা, কম্পিউটার ল্যাব, সাইবার ক্যাফেসহ তথ্য প্রযুক্তি খাতের বিভিন্নমুখী উদ্যোগ, ইত্যাদি)।

৪.৭ ঋণের প্রয়োজনীয় জামানতসমূহ

১. ঋণ গ্রহণকারী উদ্যোক্তার হলফনামা (উদ্যোক্তার অঙ্গীকার সম্বলিত ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প)
২. একজন ব্যক্তি গ্যারান্টর (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প);
৩. সম্পত্তি মর্টগেজ/লিয়েনকৃত স্থায়ী আমানত (প্রযোজ্য ক্ষেত্রে) এবং
৪. একাউন্ট পেয়ী চেক (সকল ঋণের ক্ষেত্রে পিডিবিএফ এর সংশ্লিষ্ট কার্যালয়ের অনুকূলে কমপক্ষে ০৩টি ক্রসড চেক/সার্টিফাইড চেক জমা নিতে হবে)।

৪.৮ ঋণ তহবিলের উৎস

কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের সহায়তার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পিডিবিএফকে প্রদত্ত প্রণোদনা ঋণের অর্থ দিয়ে এ তহবিল গঠিত হবে। তাছাড়া এ ঋণের আদায়কৃত সেবামূল্য ও আহরিত বিভিন্ন সঞ্চয়, অন্যান্য আয়ও ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসেবে ব্যবহার করা যাবে। তবে এক্ষেত্রে সময়ে সময়ে কর্মসূচি প্রশাসন কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা জারী করা হবে।

৪.৯ ঋণ প্রদানের সীমা

৪.৯.১ কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা/সদস্যের একক ঋণের সাধারণ সীমা হবে সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত। সংগঠিত সংহতি দলকে (এ ক্ষেত্রে দল হবে অন্তত: ০৫ সদস্য বিশিষ্ট) বিনিয়োগ সক্ষমতা, ব্যবসার ধরণ, ব্যবসার অভিজ্ঞতা, ব্যবসায়িক সুনাম ও পারিপার্শ্বিক বিষয়াদি বিবেচনায় প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে এই ঋণ সীমা হবে ৫,১০,০০০/- (পাঁচ লক্ষ দশ হাজার) টাকা হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত। তবে মাঝারি শিল্প উদ্যোগের জন্য শিল্পের প্রকৃতি, শিল্পের বাস্তব অবস্থা, শিল্প প্রসারণের সম্ভাব্যতা প্রভৃতি বিবেচনায় দলগতভাবে (এ ক্ষেত্রে দল হবে অন্তত: ১০ সদস্য বিশিষ্ট) সর্বোচ্চ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং প্রয়োজনে কারিগরী দক্ষতাসম্পন্ন (Technical Expert) ব্যক্তি কর্তৃক ঋণ প্রস্তাব সরেজমিনে যাচাই করতে হবে। উল্লেখ্য, একক ব্যক্তি উদ্যোক্তা পর্যায়ে এরূপ সিলিং (১০,১০,০০০/- হতে ২৫,০০,০০০/- পর্যন্ত) ঋণ প্রদান করা যাবে না। সকল ধরণের ঋণের ক্ষেত্রেই সংহতি দলকে এ ঋণ কার্যক্রমে উৎসাহিত করতে হবে।

৪.৯.২ ঋণের এ্যাপ্রাইজালে উল্লিখিত উদ্যোক্তার প্রকৃত চাহিদা, বিনিয়োগের সক্ষমতা, কর্মকাণ্ডের ধরণ, কর্মকাণ্ডে তার নিজস্ব বিনিয়োগের পরিমাণ ইত্যাদির উপর ঋণের সিলিং নির্ভর করবে।

৪.৯.৩ মাঝারি উদ্যোক্তা কর্তৃক প্রস্তাবিত কর্মকাণ্ডের জন্য এ্যাপ্রাইজালে উল্লিখিত সর্বমোট বিনিয়োগের কমপক্ষে ২৫% ঋণ গ্রহীতা নিজস্ব বিনিয়োগ থাকতে হবে। অন্য ক্যাটাগরির জন্য এ শর্ত প্রযোজ্য হবে না।

৪.৯.৪ বিশেষ ক্ষেত্রে সংহতি দলের (এ দলে অন্তত: ১০ জন সদস্য থাকবেন) সমন্বিত প্রচেষ্টার ক্ষেত্রে কিংবা উদ্যোক্তা পর্যায়ে মাঝারি শিল্প উদ্যোগ ও শিল্প প্রসারণের লক্ষ্যে প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে ঋণ প্রদানের সর্বোচ্চ সীমা হবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা।

৪.১০ ঋণের মেয়াদ ও গ্রেস পিরিয়ড:

সকল ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ দুই বছর (২৪ মাস)। এর মধ্যে সর্বোচ্চ ৬ (ছয়) মাস থাকবে গ্রেস পিরিয়ড। অবশিষ্ট ১৮ (আঠারো) মাস সময়ের মধ্যে নিয়মিত মাসিকভিত্তিতে ১৮টি কিস্তি পরিশোধের শর্তে এ ঋণ প্রদান করতে হবে। তবে কোন সদস্য/উদ্যোক্তা গ্রেস পিরিয়ডের মধ্যে ও ঋণের কিস্তি পরিশোধে আগ্রহী হলে সে ক্ষেত্রে ঋণের কিস্তি গ্রহণ করা যাবে।

৪.১১ ঋণের সেবা মূল্য

নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়ের জন্য এই ঋণের সেবামূল্য ফ্ল্যাট রেট পদ্ধতিতে বার্ষিক ৪% হারে প্রযোজ্য হবে। তবে ঋণ পরিশোধের নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়কাল অতিক্রান্ত হলে বকেয়া সমুদয়

ঋণ (যদি থাকে) খেলাপি হিসেবে গণ্য হবে এবং অবশিষ্ট বকেয়া খেলাপি ঋণের উপর পিডিবিএফ মূল কার্যক্রমের ঋণ পরিচালন নীতিমালা (COP) অনুযায়ী সেবামূল্য ধার্য করে আদায় করতে হবে।

৪.১২ ঋণের জামানত

(ক) এ ঋণ কার্যক্রমের আওতায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ বিতরণের ক্ষেত্রে কোন জামানতের প্রয়োজন হবে না, তবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উপরে ঋণের ক্ষেত্রে জামানতের প্রয়োজন হবে। একক উদ্যোক্তা বা গ্রাহকের ক্ষেত্রে জামানত হিসাবে গ্রহণযোগ্য জমি, দালান-কোঠা, ক্রয়কৃত পজিশনের মালিকানা, অগ্রিম প্রদান সাপেক্ষে ভাড়ার চুক্তিনামা/লিয়েনকৃত এফডিআর/সার্টিফাইড চেক ইত্যাদি গচ্ছিত রেখে ঋণ গ্রহণ করতে পারবেন।

(খ) সংহতি দলের মাধ্যমে সংগঠিত শিল্প উদ্যোগের ক্ষেত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উপরে ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণ করতে হবে। এক্ষেত্রে কোন সদস্যের জমির দলিল, পজিশনের মালিকানা, ভাড়ার চুক্তিনামা/লিয়েনকৃত এফডিআর/সার্টিফাইড চেক ইত্যাদি থাকতে হবে, অর্থাৎ দলের সকল সদস্যেরই কোন না কোন জামানত প্রদান করতে হবে।

(গ) মাঝারী শিল্পের দলগত উদ্যোক্তাদের নিকট থেকে আবশ্যিকভাবে উল্লিখিত জামানত গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে সকল উদ্যোক্তাগণের নিকট থেকে আনুপাতিক হারে জামানত গ্রহণ করতে হবে।

৪.১৩ সঞ্চয় আদায় ও জমা

প্রণোদনা প্যাকেজের আওতায় এ ঋণ কার্যক্রমে সুফলভোগী সদস্য/উদ্যোক্তাগণের পুঁজি গঠনের লক্ষ্যে নিম্নোক্তরূপে তাঁদের সঞ্চয় জমা করা হবে:

১	নব সম্পদ সৃজন সঞ্চয়	ঋণ বিতরণের পূর্বে সদস্য/গ্রাহকগণের নিকট হতে বার্ষিক ২% হারে জমা করা হবে (যেমন: ১০০,০০০/- টাকা ঋণের জন্য এককালীন মোট ৪,০০০/- টাকা নব সম্পদ সৃজন সঞ্চয় বাবদ জমা করতে হবে)
২	সদস্য সুরক্ষা সঞ্চয়	ঋণ বিতরণের পূর্বে সদস্য/গ্রাহকগণের নিকট হতে বার্ষিক ২% হারে জমা করা হবে (যেমন: ১০০,০০০/- টাকা ঋণের জন্য এককালীন মোট ৪,০০০/- টাকা সদস্য সুরক্ষা সঞ্চয় বাবদ জমা করতে হবে)
৩	সাধারণ সঞ্চয়	সদস্য/গ্রাহকগণ নিয়মিতভাবে ন্যূনতম ৫০০/- (পাঁচশত) টাকা হারে মাসিকভিত্তিতে সঞ্চয় জমা করবেন।

১. পুঁজি গঠনের লক্ষ্যে সদস্য/গ্রাহকগণের নিকট হতে ঋণ গ্রহণের পূর্বে বার্ষিক ২% হারে সদস্য সুরক্ষা সঞ্চয়, নব সম্পদ সৃজনের জন্য বার্ষিক ২% হারে সঞ্চয় গ্রহণ করা হবে। এরূপ সঞ্চয় সদস্যদের নব সম্পদ সৃজনে ব্যবহৃত হবে। সদস্যদের পুঁজি গঠনের লক্ষ্যে আহরিত সুরক্ষা সঞ্চয় ও নব সম্পদ সৃজন সঞ্চয় সদস্যগণ ০২ বছরের মধ্যে উত্তোলন করতে পারবেন না। সদস্য/উদ্যোক্তার ঋণের কিস্তি খেলাপী হলে বা বকেয়া থাকলে উক্ত সঞ্চয় দ্বারা ইউডিবিও খেলাপী কিস্তির ঋণ/পাওনা সমন্বয় করতে পারবেন। সদস্যদের জমাকৃত এ সকল সঞ্চয়ের উপর নির্ধারিত হারে লভ্যাংশ প্রদান করা হবে, এ হার কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

২. ঋণ গ্রহণের পর একজন উদ্যোক্তা তার মাসিক কিস্তি পরিশোধকালে নিয়মিতভাবে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা সঞ্চয় জমা করবেন এবং সদস্যদের চাহিদা মোতাবেক পিডিবিএফ এর অন্যান্য সঞ্চয়ও জমা করতে পারবেন। তবে গ্রাহকগণের পুঁজি বৃদ্ধির লক্ষ্যে গ্রেস পিরিয়ডের মধ্যেও তাদের নিকট থেকে মাসিক ন্যূনতম ৫০০/- টাকা হারে সাধারণ সংগ্রহ করে সঞ্চয় জমা করা যাবে। সদস্য/উদ্যোক্তাগণের জমাকৃত সাধারণ সঞ্চয়ের উপর প্রতি অর্থবছর শেষে নির্ধারিত হারে (কর্মসূচি প্রশাসন হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক) লভ্যাংশ প্রদান করা হবে। সদস্যদের মাসিক জমাকৃত সাধারণ সঞ্চয় হঠাৎ সৃষ্ট তহবিল সংকট মোচনের জন্য যে কোন সময়ে উত্তোলন করতে পারবেন।

৩. পিডিবিএফ এর সমিতি/দলভুক্ত সদস্য/উদ্যোক্তাগণ কর্তৃক জমাকৃত সকল সঞ্চয় একটি রাষ্ট্রীয়ত্ব ব্যাংক হিসাবে যথারীতি জমা হবে। এ ক্ষেত্রে অর্থবছর শেষে জমাকৃত সঞ্চয়ের উপর নির্ধারিত হারে লভ্যাংশ প্রদান করা হবে (কর্মসূচি প্রশাসন হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক)। তবে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর লভ্যাংশের হার কর্তৃপক্ষ সময়ে সময়ে পরিবর্তন করতে পারবেন। সদস্যদের জমাকৃত সঞ্চয়ের হিসাবের সঠিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা কার্যালয়ে পৃথক রেজিস্টার খোলা হবে।
৪. পিডিবিএফ-এর বিকশিত (Graduated) কোন সুফলভোগী সদস্য প্রণোদনা ঋণ কার্যক্রমের অন্তর্ভুক্ত হলে তার পূর্বের মাসিকভিত্তিতে জমাকৃত সঞ্চয়সমূহ (যেমন: মেয়াদী, সোনালী, লাখপতি, নবজাতক ইত্যাদি সঞ্চয়) পিডিবিএফ মূল কার্যক্রমেই স্বাভাবিকভাবেই চলমান থাকবে এবং তার সদস্য পদ ও বহাল থাকবে।
৫. কোন উদ্যোক্তা নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত ঋণের অংশ বিশেষ পরিশোধে ব্যর্থ হলে ইউডিবিও ঐ উদ্যোক্তার জমাকৃত সঞ্চয় হতে বকেয়া ঋণ সমন্বয় করতে পারবেন।

৪.১৪ সদস্য/উদ্যোক্তার নিজস্ব ঝুঁকি নিরসন বিমা

সদস্য/উদ্যোক্তার নিজস্ব ঝুঁকি নিরসন বিমা'র ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করতে হবে:

- প্রতিবার ঋণ গ্রহণের ক্ষেত্রে উদ্যোক্তার মৃত্যুজনিত ঝুঁকি নিরসনের জন্য নিজস্ব নিরাপত্তা বিমা প্রিমিয়াম হবে অনুমোদিত ঋণের ১% (ঋণ প্রদানের পূর্বেই উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নিকট থেকে অনুমোদিত ঋণের ১% এককালীন বিমা প্রিমিয়াম জমা নিতে হবে যা অফেরতযোগ্য, যেমন: ১০০,০০০/- টাকা ঋণের ক্ষেত্রে বিমা প্রিমিয়াম হবে ১০০০/-);
- বিমার সুবিধা শুধুমাত্র মূল সদস্য/উদ্যোক্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- কোন সদস্য/উদ্যোক্তার মৃত্যুজনিত কারণে তার নিকট পাওনা অবশিষ্ট ঋণ সমুদয় মওকুফ হবে এবং তার জমাকৃত সঞ্চয়ও ফেরৎযোগ্য হবে;
- এ কর্মসূচির আওতায় কোন সদস্য/উদ্যোক্তা মৃত্যুবরণ করলে তার শিল্প/প্রতিষ্ঠান সুচারুরূপে পরিচালনার স্বার্থে পূর্বের ধারাবাহিকতায় ঐ পরিবারের অন্য কোন উপযুক্ত সদস্যকে (স্ত্রী/পুত্র/কন্যা/ভাই/বোন ইত্যাদি) প্রদত্ত ঋণের বিমা সুবিধার আওতায় আনা যাবে, তবে এ ক্ষেত্রে নতুন সদস্য/উদ্যোক্তাকে পিডিবিএফ এর সাথে শর্ত সাপেক্ষে বিমা চুক্তিবদ্ধ হতে হবে। এরূপ ক্ষেত্রে পূর্ববর্তী ঋণের অবশিষ্ট ও জমাকৃত সঞ্চয় ফেরৎযোগ্য হবে না।
- প্রস্তাবিত ঋণ অনুমোদনের পর সদস্য/উদ্যোক্তাকে ঋণের বিমা প্রিমিয়াম উদ্যোক্তা পিডিবিএফ এর সংশ্লিষ্ট অফিসে নগদে জমা দিয়ে রশিদ সংগ্রহ করবেন;
- সংহতি দল/যৌথ উদ্যোক্তাদের ক্ষেত্রেও এ বিমা প্রত্যেক সদস্যের জন্য আনুপাতিক হারে প্রযোজ্য হবে;
- বিমা সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী পিডিবিএফ-এ প্রচলিত বিমা নীতিমালা অনুযায়ী প্রযোজ্য হবে;
- বিমা সংক্রান্ত কোন বিষয়ে প্রয়োজনে কর্মসূচি প্রশাসন হতে পরিপত্র জারী করা হবে।

৪.১৫ ঋণ আবেদন ফি

এ ঋণ গ্রহণের জন্য আবেদনকারী ঋণের আবেদন পত্র ও এর যাচাই ব্যয় বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরৎ যোগ্য) জমা দিয়ে রশিদ সংগ্রহ করবেন। ঋণ আবেদনপত্র সংগ্রহ এবং পূরণের ক্ষেত্রে এ ঋণ কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা সদস্য/গ্রাহককে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৪.১৬ ঋণ প্রক্রিয়াকরণ

ঋণের আবেদন পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ঋণ প্রক্রিয়াকরণ করতে হবে এবং তাকে সংশ্লিষ্ট সদস্য/উদ্যোক্তাকে এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত জানাতে হবে। অতঃপর এ ঋণের সাথে সংশ্লিষ্ট মাঠকর্মী আবেদনকৃত ঋণের এ্যাপ্রাইজাল প্রস্তুত করবেন। প্রতিবার ঋণ গ্রহণের ক্ষেত্রে এ ঋণের এ্যাপ্রাইজাল ফি (appraisal fee) হবে অনুমোদিত ঋণের ০.৫০% (অফেরতযোগ্য)। সকল ঋণের জন্য এ্যাপ্রাইজাল ফি ঋণ অনুমোদনের পর উদ্যোক্তা পিডিবিএফ অফিসে নগদে জমা দিয়ে রশিদ নিবেন এবং ঋণের সম্পূর্ণ টাকার একাউন্ট পেয়ী চেক গ্রহণ করবেন।

8.১৭ ঋণ অনুমোদন পর্যায়

8.১৭.১ যে কোন ক্যাটাগরির ঋণের আবেদন এবং এ্যাপ্রাইজালসহ সকল কাগজপত্র উপজেলা পর্যায়ের কর্মসূচি বাস্তবায়ন কমিটি'র সভায় উপস্থাপন করতে হবে। সভা প্রতিটি ঋণ প্রস্তাব পর্যালোচনা করে উপযুক্ত উদ্যোক্তাকে ঋণ প্রদানের জন্য সুপারিশ করবেন।

অতঃপর প্রস্তাবিত ও সুপারিশকৃত সদস্য/উদ্যোক্তাগণের ঋণের আবেদন নিম্নরূপ পর্যায়ে চূড়ান্ত অনুমোদন ও মঞ্জুরী প্রদান করতে হবে:

ক্রম	ঋণের পরিমাণ (সিলিং)	প্রস্তাবক কর্তৃপক্ষ	সুপারিশকারী কর্তৃপক্ষ	মঞ্জুরী কর্তৃপক্ষ	মঞ্জুরী প্রত্যয়নকারী কর্তৃপক্ষ
১	৫০,০০০/-টাকা হতে ৫,০০,০০০/-টাকা পর্যন্ত	উপজেলা ব্যবস্থাপনা কমিটি	-	আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি সভাপতি: উপপরিচালক	উপপরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল)
২	৫,১০,০০০/-টাকা হতে ১০,০০,০০০/-টাকা পর্যন্ত	উপজেলা ব্যবস্থাপনা কমিটি	আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি	প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটি সভাপতি: ব্যবস্থাপনা পরিচালক	পরিচালক, মাঠ পরিচালন (প্রধান কার্যালয়)
৩	১০,১০,০০০/-টাকা হতে ২৫,০০,০০০/-টাকা পর্যন্ত	উপজেলা ব্যবস্থাপনা কমিটি	আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি	প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটি সভাপতি: ব্যবস্থাপনা পরিচালক	ব্যবস্থাপনা পরিচালক

- ১ম ক্রমিকে বর্ণিত পিডিবিএফ এর সমিতির দলভুক্ত সদস্য বা একক উদ্যোক্তাকে ক্ষুদ্র, কুটির ও আয়-উৎসারি কর্মকান্ডে ঋণের এ্যাপ্রাইজাল যাচাইপূর্বক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সংশ্লিষ্ট উপজেলা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট উপপরিচালক ঋণ অনুমোদনপূর্বক মঞ্জুরীপত্র জারি করবেন।
- ২য় ক্রমিকে বর্ণিত সংহতি দলভুক্ত (এ ক্ষেত্রে দল হবে অন্তত: ০৫ সদস্য বিশিষ্ট) উদ্যোক্তাগণের সৃজনশীল, উৎপাদনমুখী ও আয়-উৎসারি কর্মকান্ডের ঋণের এ্যাপ্রাইজাল যাচাইপূর্বক ৫,১০,০০০/- (পাঁচ লক্ষ দশ হাজার) হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত সংশ্লিষ্ট আঞ্চলিক কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে গঠিত প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ঋণ মঞ্জুরী প্রদান করবেন এবং পরিচালক, মাঠ পরিচালন ঋণ মঞ্জুরী প্রত্যয়ন পত্র জারি করবেন। পরিচালক, মাঠ পরিচালন এর অনুপস্থিতিতে/অবর্তমানে অন্য পরিচালক (গবেষণা ও উন্নয়ন/অর্থ/প্রশাসন) এ ঋণ মঞ্জুরী প্রত্যয়ন পত্র জারি করতে পারবেন।
- ৩য় ক্রমিকে বর্ণিত মাঝারী শিল্প উদ্যোক্তাগণের ঋণের ক্ষেত্রে (এ ঋণ শুধুমাত্র সংহতি দলের ক্ষেত্রে প্রযোজ্য এবং এ দল হবে অন্তত: ১০ সদস্য বিশিষ্ট) ঋণ প্রস্তাব আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি সরেজমিন যাচাইয়ে উপযুক্ত বলে বিবেচিত হলে সুপারিশসহ প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটি বরাবর প্রেরণ করবে এবং ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে গঠিত প্রধান কার্যালয়ের কমিটি কর্তৃক প্রস্তাবিত ঋণের উপযুক্ততা, যৌক্তিকতা ও সার্বিক বিষয় বিবেচনাপূর্বক ব্যবস্থাপনা পরিচালক ১০,১০,০০০/- (দশ লক্ষ দশ হাজার) হতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ মঞ্জুরী প্রদান করবেন।
- সকল ক্যাটাগরীর ক্ষেত্রেই ১০,০০০/-টাকার গুণিতকে প্রণোদনা ঋণ প্রদান করা যাবে।

8.১৭.২ যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মঞ্জুরিপত্র না পাওয়া পর্যন্ত ইউডিবিও কোন ক্রমেই প্রণোদনা ঋণ বিতরণ করতে পারবেন না।

8.1৮ ঋণ বিতরণ প্রক্রিয়া

8.1৮.১ কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা

ঋণ মঞ্জুরিপত্র পাওয়ার পর, ঋণ বিতরণ কার্যক্রম শুরু করার প্রাক্কালে উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়ে প্রত্যেক সদস্য/উদ্যোক্তার জন্য পৃথক পৃথক ঋণ নথি খুলতে হবে। ঋণ নথিতে সদস্যের আবেদনপত্র, এ্যাপ্রাইজাল, সদস্য প্রোফাইল, উপজেলা কমিটি'র সভার রেজুলেশন ইত্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র, ঋণ মঞ্জুরিপত্র, সঞ্চয় জমার প্রমাণকসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্ট যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। এছাড়া সদস্য/উদ্যোক্তার নিকট থেকে প্রতিষ্ঠানের অনুকূলে কমপক্ষে ৩টি ক্রসড চেক গ্রহণপূর্বক নথিতে সংরক্ষণ করতে হবে। দাপ্তরিক রেকর্ডপত্র অনুযায়ী পরীক্ষাপূর্বক হিসাব কর্মকর্তা সংশ্লিষ্ট উদ্যোক্তার অনুকূলে একাউন্ট পেয়ী (Account payee) চেক প্রদান করবেন। কোন ক্রমেই ঋণ গ্রহীতাকে নগদ বা বেয়ারার চেকের মাধ্যমে ঋণ প্রদান করা যাবে না।

8.1৮.২ পাস বই (ঋণ ও সঞ্চয়)

পিডিবিএফ এর সমিতি/দলভুক্ত সদস্য বা একক উদ্যোক্তাকে পিডিবিএফ এর নির্ধারিত পাসবই এ ঋণ ও সঞ্চয়ের তথ্য লিপিবদ্ধ করা হবে। এ ঋণ কার্যক্রমের জন্য ০২টি পাসবই ব্যবহৃত হবে, ০১টি পাসবই সদস্য/উদ্যোক্তা সংরক্ষণ করবেন এবং অপর ০১টি পাসবই উপজেলা কার্যালয়ে হিসাব কর্মকর্তা ঋণ ও সঞ্চয়ের তথ্য লিপিবদ্ধকরণপূর্বক সংরক্ষণ করবেন। সদস্য/উদ্যোক্তার পাসবইয়ে ঋণের কিস্তি ও সঞ্চয়ের লেন-দেনের তথ্যাদি দায়িত্বপ্রাপ্ত কর্মী লিপিবদ্ধ করবেন। ঋণের পাসবই এ লেনদেনের সাথে এমসিএস (Monthly Collection Sheet) এর মিল থাকতে হবে। উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা নিজে পাসবই ইস্যু করবেন, ইস্যুবিহীন পাস বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ নিশ্চিত করবেন এবং নিয়মিত ঋণ আদায় শীটের সাথে পাস বই মিলকরণ করবেন। প্রতিটি পাসবই এর মূল্য বাবদ সদস্য/উদ্যোক্তাগণ ১০/- (দশ) টাকা হারে পরিশোধ করবেন।

8.1৯ ঋণের নথি পত্রাদি সংরক্ষণ

ঋণ বিতরণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার পর ঋণ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ঋণ নথিতে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। নথিভুক্ত সকল কাগজপত্র পৃষ্ঠা নং সহযোগে সিরিয়ালভুক্ত করা এবং সংরক্ষিত কাগজপত্রের একটি তালিকা নথির ইনার কাভারে স্ট্যাপলিং করতে হবে। বিষয়টি উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা নিশ্চিত করবেন। নথিভুক্ত কাগজপত্রে কোন ধরনের ঘাটতি বা অসঙ্গতি কিংবা তথ্য প্রমাণে কোন ধরনের বিচ্যুতি ধরা পড়লে তার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাসহ ঋণ বিতরণের সাথে সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

8.২০ তহবিল ছাড়করণ ও ব্যাংক হিসাব পরিচালনা প্রক্রিয়া

- মাঠ পর্যায় হতে উদ্যোক্তা ঋণের চাহিদা পাওয়ার পর তা' পর্যালোচনান্তে পিডিবিএফ প্রধান কার্যালয় হতে অনলাইন ব্যাংকের মাধ্যমে সরাসরি সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে তহবিল প্রেরণ করা হবে।
- এ ঋণ কার্যক্রম পরিচালনার জন্য পিডিবিএফ প্রধান কার্যালয় ও উপজেলা/কার্যালয়ের আওতায় নিয়োক্ত শিরোনামে ০৩ (তিনটি) ব্যাংক হিসাব SND/STD হবে:

ক্রম.	হিসাবের শিরোনাম	তহবিলের উৎস	হিসাবের ধরণ
১	‘পিডিবিএফ কোভিড-১৯ ঘূর্ণায়মান ঋণ তহবিল’	ঋণের কিস্তি আসল, ব্যাংক হিসাব থেকে প্রাপ্ত মুনাফা	SND/STD
২	‘পিডিবিএফ কোভিড-১৯ পরিচালন তহবিল’	সেবামূল্য, বীমা, ঋণের এ্যাপ্রাইজাল ও অন্যান্য আয়	SND/STD
৩	‘পিডিবিএফ উদ্যোক্তা সঞ্চয় তহবিল’	সকল ধরণের সঞ্চয় (সদস্য সুরক্ষা সঞ্চয়, নব সম্পদ সৃজন সঞ্চয়, সাধারণ সঞ্চয় ও অন্যান্য সঞ্চয় প্রোডাক্ট) এবং তদীয় মুনাফা	SND/STD

- এ কার্যক্রমের তহবিলসমূহের অর্থ পিডিবিএফ প্রধান কার্যালয়ের আওতায় সর্বোচ্চ হারে লাভজনক কোন ব্যাংকে এফডিআর হিসাব খোলা যাবে;
- মাঠ পর্যায়ের উপজেলা/কার্যালয়ের ইউডিবিও এবং হিসাব কর্মকর্তা’র যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাবসমূহ পরিচালিত হবে। হিসাব কর্মকর্তা’র অবর্তমানে কার্যালয়ের এডিবিও/জ্যেষ্ঠ এফও’র যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করতে হবে;
- পিডিবিএফ প্রধান কার্যালয়ের এ কর্মসূচির ব্যাংক হিসাবসমূহ পরিচালক অর্থ ও কর্মসূচি পরিচালক এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। কর্মসূচি পরিচালক এর অবর্তমানে পরিচালক অর্থ ও উপ কর্মসূচি পরিচালক এর যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৪.২১ সদস্য/উদ্যোক্তা পর্যায়ে প্রশিক্ষণ

সৃজনশীল, উৎপাদনশীল ও আয় উৎসারী কর্মকান্ডে নিয়োজিত বা এরূপ কর্মকান্ড গ্রহণে আগ্রহী একক সদস্য/গ্রাহক এবং সংহতি দলের মাধ্যমে সংগঠিত সদস্য/গ্রাহকদেরকে পিডিবিএফ এর ভ্রাম্যমান প্রশিক্ষণ টিমের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে। তাছাড়া জাতিগঠনমূলক বিভিন্ন সংস্থার সহায়তাও এরূপ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪.২২ হিসাব সংরক্ষণ

৪.২২.১ উপজেলা পর্যায়ে হিসাবরক্ষণের জন্য নিম্নবর্ণিতবহি ও ডকুমেন্ট ব্যবহার করতে হবে—

- (১) জমা-খরচ বহি;
- (২) সাধারণ খতিয়ান;
- (৩) দৈনিক রেজিস্টার (বিতরণ, আদায় ও অন্যান্য);
- (৪) সঞ্চয় খতিয়ান;
- (৫) অর্থ প্রাপ্তি রেজিস্টার;
- (৬) মাসিক আদায় শীট (MCS);
- (৭) ঋণ আদায় রশিদ;
- (৮) সদস্য পাশবহি;
- (৯) ব্যাংক সংক্রান্ত নথি;
- (১০) ব্যাংক রিকনসিলিয়েশন রেজিস্টার (মাসিকভিত্তিতে হালনাগাদ করতে হবে);
- (১১) অর্থ প্রেরণ রেজিস্টার;
- (১২) চেক বহি;
- (১৩) চেক ইস্যু রেজিস্টার ইত্যাদি।

৪.২২.২ উপজেলা কার্যালয় প্রত্যেক অর্থবছর শেষ হওয়ার পরপরই হিসাবের বার্ষিক স্টেটমেন্ট তৈরি করবেন এবং পরবর্তী জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে তা' পিডিবিএফ প্রধান কার্যালয়ে পরিচালক, অর্থ ও কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করবেন।

৪.২২.৩ প্রত্যেক ঋণ গ্রহীতা/সদস্যের নিজ নামে স্বতন্ত্র ব্যাংক একাউন্ট থাকতে হবে। এ ক্ষেত্রে যে ব্যাংক শাখায় পিডিবিএফ-এর সংশ্লিষ্ট কার্যালয়ের ব্যাংক হিসাব আছে সে ব্যাংকের শাখায় সদস্য/গ্রাহকের ব্যাংক হিসাব (Bank account) খোলার উদ্যোগ নিতে হবে, তবে গ্রাহকের ব্যাংক হিসাব অন্য কোন ব্যাংক থাকলেও তা গ্রহনযোগ্য হবে।

৪.২২.৪ প্রণোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত এ ঋণ পরিশোধের মেয়াদ হবে দুই বছর (২৪ মাস)। তবে ঋণ গ্রহণের পর প্রথম ৬ (ছয়) মাস হবে গ্রেস পিরিয়ড। ছয় মাস গ্রেস পিরিয়ড অতিবাহিত হওয়ার পর ৭ম মাস হতে ২৪তম মাস পর্যন্ত সেবামূল্যসহ মোট ১৮টি সমান মাসিক কিস্তিতে ঋণ আদায় করতে হবে।

উদাহরণস্বরূপ: একজন ঋণ গ্রহীতা দুই বৎসর (৬+১৮=২৪ মাস) মেয়াদে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণ গ্রহণ করলে সেবামূল্যসহ তিনি মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকা কিস্তি হিসেবে ১৮ মাসে সর্বমোট ১,০৮,০০০/- (একলক্ষ আট হাজার) টাকা পরিশোধ করবেন। তবে কিস্তির সমতা বিধানের জন্য ১ম ১৭টি কিস্তি সমান হবে এবং শেষ কিস্তিতে ভগ্নাংশ সমন্বয় করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

উল্লেখ্য, যে মাসের যে তারিখেই ঋণ বিতরণ করা হোক না কেন গ্রেস পিরিয়ড শেষে পরবর্তী প্রতি মাসের ১০ তারিখের মধ্যেই ঋণের কিস্তি সদস্য/উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নিকট থেকে আদায় করতে হবে (তবে সরকারী ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে ঋণ আদায় করতে হবে)। এ ঋণের গ্রাহক/উদ্যোক্তা পিডিবিএফ এর সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে এসে ঋণের কিস্তি পরিশোধ করবেন। কোন বিশেষ কারণে গ্রাহক/উদ্যোক্তাগণ অফিসে আসতে অপারগ হলে সংশ্লিষ্ট মাঠ কর্মী ঋণের কিস্তি আদায় নিশ্চিত করবেন। ঋণ বিতরণ হবে চেকে এবং চেকের মাধ্যমে/নগদে ঋণের কিস্তি গ্রহণ করা হবে; চেকের মাধ্যমে কিস্তি প্রদানে গ্রাহকদের উৎসাহিত করতে হবে।

৪.২২.৫ নির্ধারিত মেয়াদের জন্য ঋণের সেবামূল্য ফ্ল্যাট রেট পদ্ধতিতে বার্ষিক ৪% হারে প্রযোজ্য হবে। তবে ঋণ পরিশোধের নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়কাল অতিক্রান্ত হলে বকেয়া সমুদয় ঋণ (যদি থাকে) খেলাপি হিসেবে গণ্য হবেএবং এ বকেয়া খেলাপি ঋণের উপর পিডিবিএফ এর বিদ্যমান ঋণ পরিচালন নীতিমালা (COP) অনুসারে আদায় করতে হবে। তাছাড়া কোন সদস্য/উদ্যোক্তা নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধে ব্যর্থ হলে উক্ত উদ্যোক্তার বিরুদ্ধে খেলাপি ঋণ আদায়ের লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪.২২.৬ কিস্তি পরিশোধের জন্য একজন ঋণ গ্রহীতার সাথে যথারীতি যোগাযোগ রক্ষা করতে হবে, কোন বিশেষ কারণে সদস্য/গ্রাহক ঋণ খেলাপি হলে তার সাথে পুনঃযোগাযোগের মাধ্যমে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে, এ উদ্যোগ সফল না হলে অফিসে রক্ষিত তার চেক ব্যাংকে উপস্থাপনের মাধ্যমে অথবা আইনগত ব্যবস্থার মাধ্যমে বকেয়া আদায়ের ব্যবস্থা নিতে হবে।

৪.২২.৭ সংশ্লিষ্ট মাঠকর্মী প্রতিমাসের নির্ধারিত তারিখে একজন ঋণ গ্রহীতার নিকট থেকে আদায় রশিদের মাধ্যমে কিস্তি আদায়ের পর ঐ সদস্য/গ্রাহকের পাশবহিতে লিপিবদ্ধপূর্বক স্বাক্ষর করবেনএবং মাসিক আদায়শীটে তা' লিপিবদ্ধ করবেন। অতঃপর আদায়কৃত টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমাপূর্বক (তিন পাট বিশিষ্ট রশিদের মাধ্যমে) জমার রশিদের এক কপি ও মাসিক আদায়শীট উপজেলা কার্যালয়ের হিসাব কর্মকর্তার নিকট সংরক্ষিত থাকবে এবং রশিদের অপর কপি আঞ্চলিক কার্যালয়ের আইটি শাখায় ব্যবহৃত হবে। হিসাব কর্মকর্তা তদানুযায়ী সংশ্লিষ্ট লেজার ও ডকুমেন্টসে এ সংক্রান্ত হিসাব লিপিবদ্ধ করবেন এবং ইউডিবিও এ বিষয়সমূহ যথারীতি তদারকি করবেন।

8.২৩ পুনরায় ঋণের আবেদন ও পুনঃ ঋণ বিতরণ

8.২৩.১ প্রণোদনা প্যাকেজের আওতায় এ ঋণ কার্যক্রমের সফল বাস্তবায়ন এবং গৃহীত ঋণ যথারীতি পরিশোধ সাপেক্ষে পরবর্তী ঋণের জন্য গ্রাহক আবেদন করতে পারবেন। তবে পূর্ববর্তী সমুদয় ঋণ পরিশোধ হওয়া সাপেক্ষে পরবর্তী ঋণের জন্য আবেদন করতে পারবেন (এ বিষয়ে কর্মসূচি প্রশাসন হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে)।

8.২৩.২ এ কর্মসূচি হতে বিতরণকৃত ঋণের কিস্তি, ব্যাংক হিসাব থেকে প্রাপ্ত মুনাফা ও সদস্যদের নিকট হতে আহরিত সঞ্চয়ের অর্থ পুনঃঋণ বিতরণ করা যাবে।

8.২৪ পরিবীক্ষণ ও অনুবেদন (monitoring & reporting)

8.২৪.১ ইউডিবিও ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় কার্যক্রমের অগ্রগতি নিয়মিত সাপ্তাহিক ও মাসিকভিত্তিতে পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন। প্রতি সপ্তাহ শেষে পরবর্তী রবিবার সাপ্তাহিক এবং প্রতিমাসের ৩ তারিখের মধ্যে নির্ধারিত ছকে অনুবেদন মাসের অগ্রগতি অনুবেদন আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালক বরাবর প্রেরণ করবেন। উপপরিচালকগণ তার অধীনস্থ উপজেলাসমূহের প্রতিবেদন একীভূত করে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পিডিবিএফ প্রধান কার্যালয়ে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করবেন।

8.২৪.২ আঞ্চলিক কার্যালয়ের অনুষ্ঠিত মাসিক সভায় উপপরিচালক উপজেলাওয়ারি এ ঋণ কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। তিনি উপজেলাসমূহ পরিদর্শনকালে প্রণোদনা ঋণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করবেন এবং গুরুত্বপূর্ণ বিষয়সমূহের অগ্রগতি ও ফলাবর্তক (ফিডব্যাক) কর্মসূচি পরিচালককে লিখিতভাবে অবহিত করবেন।

8.২৪.৩ পিডিবিএফ প্রধান কার্যালয়ে এ ঋণ সংক্রান্ত গঠিত কমিটি ‘পিডিবিএফ কোভিড-১৯ প্রণোদনা ঋণ’ কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

8.২৪.৪ প্রণোদনা প্যাকেজ আওতায় এ ঋণ কার্যক্রমের আর্থিক বিষয়াদি (Financial Issues) প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয়ে গঠিত কমিটি নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন।

